একটি মানুষও গৃহহীন থাকবে না- জনপ্রশাসন প্রতিমন্ত্রী

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য ফরহাদ হেসেন বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা যেভাবে দেশ কে এগিয়ে নিয়ে যাচ্ছে তা নজির বিহীন। প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি একটি মানুষও গৃহহীন থাকবে না, সেই প্রতিশ্রুতি বাস্তবায়নে কাজ করছে সরকার।

বুধবার দুপুরে মেহেরপুরের মুজিবনগর উপজেলার দারিয়াপুর গ্রামে দূর্যোগ ও ত্রান মন্ত্রনালয়ের উদ্যোগে ১৩৫টি দূর্যোগ সহনীয় ঘরের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

ফরহাদ হোসেন বলেন, সারা বিশে^র মধ্যে দুরদর্শী নেত্রী শেখ হাসিনা। তিনি যা বলেন তা করে দেখান। দেশের মানুষ যাতে শান্তিতে বসবাস করতে পারে সেজন্য গৃহহীনদের খুঁজে খুঁজে ঘর দেওয়া হবে।

প্রতিমন্ত্রী আরও বলেন, করোনার ক্রান্তিকালে আমাদের নেত্রী অত্যন্ত বিচক্ষনতার সাথে দেশ পরিচালনা করছেন। উনার দুরদর্শী নেতৃত্বে দেশের করোনা পরিস্থিতি এখন অনেকটায় স্বাভাবিক। তবে দ্বিতীয় ওয়েভ যদি আসে সেজন্য আমাদের সবাইকে সচেতন থাকতে হবে।

জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খানের সভাপতিত্বে মেহেরপুরের পলিশ সুপার এসএম মুরাদ আলী, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মাসুদুল আলম, মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা সুজন সরকার, সুবিধাভোগী জনগণসহ স্থানীয় নেতৃবৃন্দরা।

মেহেরপুরে রয়েল এক্সপ্রেস

পরিবহন থেকে ১৫০ বোতল ফেন্সিডিল উদ্ধার

মেহেরপুর সদর উপজেলার বন্দর গ্রামের হাইওয়ে থেকে ঢাকাগামী রয়েল এক্সপ্রেস পরিবহন এর পিছন বক্সের ভিতরে চটের বস্তার ভিতর পেটি করা অবস্থায় ১৫০ বোতল ফেন্সিডিল উদ্ধার করেছে সদর থানা পুলিশ।

শুক্রবার রাতে মেহেরপুর সদর থানার অফিসার্স ইনচার্জ শাহ্ দারা খান এর নির্দেশক্রমে এই অভিযান পরিচালনা করেন সদর থানার এস আই ইকবাল।

এসময় সদর থানার অফিসার্স ইনচার্জ শাহ্ দারা খান বলেন, আমাদের কাছে সংবাদ আসে মুজিবনগর উপজেলার কেদারগঞ্জ মোড় থেকে ঢাকাগামী রয়েল এক্সপ্রেস পরিবহনে করে ফেন্সিডিল যাচ্ছে ঢাকায়। তারই সূত্র ধরে আমরা বন্দর গ্রামের হাইওয়েতে চেকপোস্ট বসিয়ে গাড়িটি আটকায় এবং ১৫০ বোতল ফেন্সিডিল উদ্ধার করি।

তিনি আরও বলেন, এর সাথে যারা জড়িতো আছে তাদের ক্ষেত্রে আইনি ব্যবস্থা নেওয়া হবে।

এসময় আরও উপস্থিত ছিলেন সদর থানার এএসআই কহিতুর, কনস্টেবল জামিরুল, হাবিব প্রমুখ।

মেহেরপুরে নতুন ২জনসহ মোট আক্রান্ত ৫৯৬

মেহেরপুরে নতুন করে আরো ২ জন করোনায় আক্রান্ত হয়েছেন। এর মধ্যে মেহেরপুর সদরে একজন এবং মুজিবনগরে একজন। এ নিয়ে জেলায় মোট আক্রান্তের সংখ্যা দাড়িয়েছে ৫৯৬ জনে।

আজ শুক্রবার বিকালে মেহেরপুরের সিভিল সার্জন ডা.নাসির উদ্দিন বিষয়টি নিশ্চিত করেছেন।

তিনি জানান, আজ প্রাপ্ত ১৮ টি রিপোটের মধ্যে ২ টি পজিটিভ। এ পর্যন্ত মোট প্রাপ্ত রিপোর্টের সংখ্যা- ৩৯১৮ টি।

মেহেরপুর জেলায় বর্তমানে আক্রান্ত রয়েছেন ৩৩ জন । এর মধ্যে সদরে-৯, গাংনীতে- ১৮, মুজিবনগরে- ৬ জন।

এ পর্যন্ত জেলায় করোনা আক্রান্ত হয়ে মৃত্যু হয়েছে ১৫ জনের। তার মধ্যে সদরে- ৭, গাংনী- ৬, মুজিবনগর- ২)।

সুস্থ হয়েছেন ৪৯৯ জন । এদের মধ্যে সদরে-২৬১, গাংনী -১৭৮, মুজিবনগর- ৪৯জন । অন্যত্র ট্রান্সফার্ড করা হয়েছে ৪৬ জনকে। ভিন্ন ভাবে পাওয়া আক্রান্তরা হলেন- মেহেরপুর শহরের নতুন পাড়ার খাদিজা খাতুন এবং মুজিবনগর উপজেলার গোপালনগর গ্রামের ইসমাইল হোসেন।

মেহেরপুরে নতুন ২ জন করোনায় আক্রান্ত :: মোট ৫৯১

মেহেরপুরে নতুন করে আরো ২ জন করোনায় আক্রান্ত হয়েছেন। তারা সকলেই মেহেরপুর সদরের। এ নিয়ে জেলায় মোট আক্রান্তের সংখ্যা দাড়িয়েছে ৫৯১ জনে।

আজ বিকাল মেহেরপুরের সিভিল সার্জন ডা.নাসির উদ্দিন বিষয়টি নিশ্চিত করেছেন।

তিনি জানান, আজ প্রাপ্ত ২০ টি রিপোটের মধ্যে ২ টি পজিটিভ। এ পর্যন্ত মোট প্রাপ্ত রিপোর্টের সংখ্যা- ৩৮৪৪ টি।

মেহেরপুর জেলায় বর্তমানে আক্রান্ত রয়েছেন ৪১ (সদর-১৫, গাংনী- ২১, মুজিবনগর- ০৫) জন।

এ পর্যন্ত জেলায় করোনা আক্রান্ত হয়ে মৃত্যু হয়েছে ১৫ জনের। তার মধ্যে সদরে- ৭, গাংনী- ৬, মুজিবনগর- ২)।

সুস্থ হয়েছেন ৪৮৮ (সদর-২৬১, গাংনী -১৭৮, মুজিবনগর- ৪৯) জন । অন্যত্র ট্রান্সফার্ড করা হয়েছে ৪৪ জনকে।

বাগোয়ান ইউনিয়নকে মডেল হিসেবে গড়ে তুলতে চাই – আয়ুব হোসেন (ভিডিও সহ)

ইউনিয়ন পর্যায়ের নির্বাচনের আমেজ ইতিমধ্যে শুরু হয়েছে। বর্তমান চেয়ারম্যানসহ বিভিন্ন মনোনয়ন প্রত্যাশিরা ছুটছেন জনগণের কাছে। কেউ কেউ দলের উচ্চ পর্যায়েও দোড়ঝাঁপ শুরু করেছেন। স্থানীয় সরকার নির্বাচন নিয়ে মেহেরপুর প্রতিদিন এর এবারের আয়োজন ‘গ্রামীণ জনপদে ভোট’ শীর্ষক সাক্ষাতকার পর্ব।
প্রথম পর্বে মেহেরপুর প্রতিদিন এর মুখোমুখি হয়েছিলেন মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়ন পরিষদের বর্তমান চেয়ারম্যান আয়ুব হোসেন। সাক্ষাতকার গ্রহণ করেন আমাদের প্রধান প্রতিবেদক মর্তুজা ফারুক রুপক।
সাক্ষাতকারের চুম্বক অংশটি এখানে তুলে ধরা হলো।

মেহেরপুর প্রতিদিন: আগামী ইউনিয়ন পরিষদ নির্বাচনে দলীয় মনোনয়ন পাওয়ার ব্যাপারে আপনি কতটুকু আশাবাদি?

আয়ুব হোসেন: আমি দলীয় মনোনয়ন নৌকা পেয়ে জনগনের ভোটে পর পর দুইবার নির্বাচিত চেয়ারম্যান। এছাড়াও বিগত বছর গুলোতে আমার প্রতিশ্রুতির চেয়ে বেশি কাজ করেছি। বঙ্গবন্ধুর আদর্শ নিয়ে রাজনিতি করে আসছি। আমি ছাত্ররাজনীতি করেছি। অত্যন্ত নিষ্ঠার সাথে জেলা আওয়ামীলীগের সাংগাঠনিক সম্পাদকের দায়িত্ব পালন করছি। ইতিমধ্যে আমি খুলনা বিভাগের শ্রেষ্ট ইউপি চেয়ারম্যান হিসেবে পুরুষ্কারও পেয়েছি। তাই আমি শতভাগ আশাবাদি আগামী ইউনিয়ন পরিষদ নির্বাচনে আমার প্রাণের সংগঠন আওয়ামীলীগ আমাকে মনোনয়ন দেবে। তাছাড়াও রাজনীতিতে প্রতিযোগীতা থাকবেই। একাধিক প্রার্থী হবে। আমার বিশ্বাস আমার রাজনৈতিক ইতিহাস ও কর্মকান্ড দেখে জেলা আওয়াম ◌ীলীগের সভাপতি মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য ও জনপ্রশাসন

প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন আমাকে সমর্থন করবেন।

মেহেরপুর প্রতিদিন: চেয়ারম্যান হিসেবে জনগনের প্রতিশ্রুতির কতটুকু বাস্তবায়ন করতে পেরেছেন বলে মনে করেন, যাতে করে জনগন আপনাকে পুনরায় ভোট দিয়ে নির্বাচিত করবে?

আয়ুব হোসেন: আমার কাজ শুধু ইউনিয়ন কেন্দ্রিক সীমাবদ্ধ না। আমি মুজিবনগর উপজেলা বাস্তবায়ন কমিটির আহবায়ক ছিলাম। সে হিসেবে গোটা উপজেলার উন্নয়নেও আমি কিছুটা হলেও ভুমিকা রেখেছি। আমার ইউনিয়নের কথা বলতে গেলে, আমি বলবো, এমন কোন রাস্তা খুজে পাওয়া যাবে না যেটা চলাচলের অনুপযোগী। কৃষকরা মাঠে পায়ে হেটে যেতে পারতো না। সেখানে এখন পাকা রাস্তা হয়েছে। কৃষকরা তাদের পন্য সরাসরি গাড়িতে করে বাজারজাত করতে পারছে। ইউনিয়ন ভিত্তিক সকল সেবা ডিজিটাল করা হয়েছে। জনগনকে এখন কোন কাজের জন্য অপেক্ষা করতে হয়না। করোনাকালিন সময়ে আমার ইউনিয়নের নিন্ম বিত্ত মধ্যবিত্ত সকল মানুষের জন্য সরকারি সুবিধা দোর গোড়ায় পৌছে দিয়েছি। তাই জনগনের উপর আমার আস্থা আছে। পুনরায় আমাকে নির্বাচিত করবে।

মেহেরপুর প্রতিদিন: ইতিমধ্যে বিএনপি ঘোষনা দিয়েছে নির্বাচন গুলোতে অংশ নিবে। সেক্ষেত্রে আপনার ইউনিয়নে নির্বাচনটি কেমন প্রতিদ্বন্দিতাপূর্ন হবে?

আয়ুব হোসেন:: বিএনপি এখন অস্তিত্ব সংকটে ভুগছে। জনগন জানে বিএনপির নৈরাজ্যের কথা। আমার মনে হয় তাদের অস্তিত্ব টিকিয়ে রাখার জন্য নির্বাচনে অংশগ্রহন করবে। যেখানে জনগন ভোটের মাধ্যমে তাদের প্রত্যাখান করে উচিত জবাব দিবে। বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশ উন্নয়নের মহাসড়কে চলছে। এই উন্নয়নের ধারাবহিকতা রক্ষা করার জন্য জনগন জননেত্রী শেখ হাসিনার নির্ধারণ করা প্রার্থীকেই নির্বাচিত করবে।

মেহেরপুর প্রতিদিন: মহেরপুরের আওয়ামী লীগে কোন বিভক্তি আছে বলে মনে করেন? যদি বিভক্তি থাকে তবে নির্বাচনের ক্ষেত্রে সতন্ত্র প্রার্থী হলে নির্বাচন কেমন হবে?

আয়ুব হোসেন: মেহেরপুরের আওয়ামী লীগে কোন বিভক্তি আছে বলে আমার মনে হয়না। যারা আওয়ামীলীগ করে তারা সবাই বঙ্গবন্ধুর আদর্শের নৌকার সৈনিক। যারা নৌকার লোক পরিচয়ে নৌকার বিপক্ষে ভোট করবে তারা হাইব্রিড আওয়ামী লীগ। সেক্ষেত্রে দলের বিপক্ষে নির্বাচন করে

জন সমর্থন পাবে বলে আমার মনে হয়না।

মেহেরপুর প্রতিদিন: পুনরায় নির্বাচিত হলে কি কি করতে চান?

আয়ুব হোসেন: আমার বাগোয়ান ইউনিয়নকে একটি মডেল ইউনিয়ন হিসেবে গড়ে দুলতে চাই। উন্নয়নের কোন কিছুর কমতি নেই। একটি স্বচ্ছ, সুন্দর ও জনবান্ধব ইউনিয়ন হিসেবে আমার ইউনিয়ন সুপরিচিত। এই ধারাবহিকতা আমি ধরে রাখবো।

মুজিবনগরে কুদরত-ই-খুদা ক্লিনিকের ভবন উদ্বোধন

মেহেরপুরের মুজিবনগরে কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাবের নতুন ভবনের উদ্বোধন করা হয়েছে।

সোমবার বিকালে জেলা আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক অ্যাডভোকেট ইব্রাহিম শাহিন প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব এর নতুন ভবন উদ্বোধন করেন।

সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান কামরুল হাসান চাঁদুর সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন, প্রফেসার হাসানুজ্জামান মালেক, পাবলিক প্রসিকিউটর পল্লব ভট্টাচার্য্য, দারিয়াপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মুস্তাকিম হোসেন খোকন, দারিয়াপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান তৌফিকুল বারি বকুল, মেহেরপুর জেলা যুবলীগের যুগ্ম আহ্বায়ক সরফরাজ হোসেন মৃদুল, আওয়ামী লীগ নেতা রফিকুল ইসলাম প্রমুখ।

উদ্বোধনী অনুষ্ঠান শেষে সেখানে দোয়া অনুষ্ঠিত হয়।

মুজিবনগরে হত্যা মামলার আসামী গ্রেফতার

মুজিবনগরে হত্যা মামলার ওয়ারেন্ট পরোয়ানা ভুক্ত আসামী ঘেতা চেংয়ারি গ্রেফতার হয়েছে।

সোমবার সকাল ১০ টার দিকে তাকে গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃত ঘেতা চেংয়ারি মুজিবনগর উপজেলার ভবেরপাড়া গ্রামের মৃত. হারেজ চেংয়ারির ছেলে।

মুজিবনগর থানা সূত্রে জানা গেছে, ২০১৯ সালের ৬ জানুয়ারী হত্যা মামলায় নারী শিশু আইনে ৩ জনের নামে একটি মামলা দায়ের করা হয়। যার মামলা নং-১।

১ ও ৩ নং আসামী অনেক আগেই গ্রেফতার হলেও ২ নং আসামী ঘেতা চেংয়ারি পালাতক থাকায় এতদিন তাকে আটক করা সম্ভব হয়নি। পরে ২ নং আসামী মাঠে কাজ করছে এমন গোপন সংবাদ পেয়ে মাঠে থেকে তাকে গ্রেফতার করা হয়।

মুজিবনগর থানার পুলিশ পরিদর্শক (তদন্ত) শরিফুল ইসলাম গ্রেফতারের বিষয় নিশ্চিত করে জানান, অকেদিন আগে আসামীর নামে কোর্ট থেকে ওয়ারেন্ট বের হয়। আসামী পালাতক থাকায় দীর্ঘদিন পর তাকে গ্রেফতার করা হয়েছে। গ্রেফতারের পর দুপুরেই তাকে জেল হাজতে প্রেরণ করা হয়।

মেহেরপুরের সহকারী কমিশনারকে বিদায় সংবর্ধনা

মেহেরপুর সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মোঃ মাইনউদ্দিন অন্যত্র বদলি হওয়ায় মেহেরপুর জেলা ও উপজেলা প্রশাসনের পক্ষ থেকে তাকে বিদায় সংবর্ধনা দেয়া হয়েছে।

গতকাল রবিবার বেলা ৩ টায় উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে অফিসার্স ক্লাবের পক্ষ থেকে এবং বিকাল ৫ টায় জেলা প্রশাসনের পক্ষ থেকে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত হয়।

জেলা প্রশাসক ড.মোহাম্মদ মুনসুর আলম খানের সভাপতিত্বে বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মৃধা মোঃ মুজাহিদুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) মোঃ আবু সাঈদ, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট তুষার কান্তি পাল, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো: মাসুদুল আলম, গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা সেলিম শাহনেওয়াজ,

মুজিব নগর উপজেলা নির্বাহী কর্মকর্তা সুজন সরকার, সিনিয়র সহকারী কমিশনার এম.এম আরাফাত, সহকারী কমিশনার (ভূমি) মোঃ মাইনউদ্দিন, নবাগত সহকারী কমিশনার (ভূমি) মোঃ ইয়ানুর রহমান, এছাড়া জেলা প্রশাসনের অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

বিদায় অনুষ্ঠানে জেলা প্রশাসনের পক্ষ থেকে বিদায় সহকারী কমিশনার কমিশনার কে ফুলেল শুভেচ্ছা জানানো হয়।

খুলেছে মুজিবনগর, বাড়ছে পর্যটক

করোনা ভাইরাসের কারণে বন্ধ থাকার দীর্ঘ ৫ মাস পর অবশেষে আবারো মুজিবনগর কমপ্লেক্সে পর্যটকদের প্রবেশের জন্য উন্মুক্ত করে দেয়া হয়েছে। দীর্ঘ ৫ মাস ধরে বন্ধ হয়ে থাকায় মুজিবনগর কমপ্লেক্স যেন শ্মশানে পরিণত হয়েছিলো। তবে উন্মক্ত করার পর পরি মুজিবনগর আবারো যেন প্রাণ ফিরে পেয়েছে। বাড়তে শুরু করেছে পর্যটক।

প্রতিদিনিই কমবেশি করে বিভিন্ন জেলা থেকে আসছে দর্শনার্থীরা। মুজিবনগর কমপ্লেক্স এর ভিতরে তৈরি হয়েছে একটি মনমুগ্ধকর পরিবেশ।

তবে সকল দর্শনার্থীরা শতভাগ মাস্ক পরিধাণ করে মুজিবনগর কমপ্লেক্স এ ঢুকছে বলে নিশ্চিত করেছে মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার।

কয়েকদিন মুজিবনগরে ঘুরে দেখা যায়, ধীরে ধীরে পর্যটকের সংখ্যা বারতেই চলেছে। দীর্ঘদিন ঘরে বন্দি থাকার পর মেহেরপুর সহ চুয়াডাঙ্গা- কুষ্টিয়া থেকে ঘুরতে আসছে দর্শনার্থীরা।

চুয়াডাঙ্গা থেকে পরিবার পরিজন নিয়ে ঘুরতে আসা রাকিবুল ইসলাম জানান, করোনা ভাইরাসের কারনে দীর্ঘদিন ধরে ঘরে বন্দি থেকে পরিবারের সকলের এক ধরনের বোরিং লাগছিলো। তাই পরিবারের সদস্যদের কিছুটা আনন্দ দেয়ার জন্য সকলকে নিয়ে মুজিবনগরে ঘুরতে এসেছি। অনেকদিন পর বাইরে বেড়াতে পেরে সকলেই খুব খুশি হয়েছে।

স্কুল শিক্ষার্থী জাহিদুল ইসলাম জানান, অনেকদিন পর বন্ধুদের নিয়ে আজ মুজিবনগরে ঘুরতে আসলাম। দীর্ঘদিন পর এমন একটি মনোরম পরিবেশে ঘুরতে পেরে অনেকটাই ভালো লাগছে।

মুজিবনগর পর্যটক কেন্দ্রে খেলনা ব্যবসায়ী মহিদুল ইসলাম জানান, দীর্ঘদিন করোনা ভাইরাসের কারনে মুজিবনগর বন্ধ থাকায় পর্যটক একদমই আসেনি। এতে করে আমাদের ব্যবসার অনেক ক্ষতি হয়েছে। মুজিবনগর কমপ্লেক্স খুলে দেয়ার পর ধীরে ধীরে পর্যটক আসতে শুরু করেছে। আমরাও অনেক দিন পর একটু টানা নিশ্বাস ফেলতে পেরেছি।

মুজিবনগর অনন্যা পার্কের চেয়ারম্যান হাসানুজ্জামান লাল্টু জানান, পর্যটক কেন্দ্রে দর্শনার্থীরা না আসলে মানায় না। দীর্ঘদিন মুজিবনগর কমপ্লেক্স বন্ধ হয়ে থাকায় পর্যটক আসা বন্ধ হয়ে গিয়ে ছিলো। ব্যবসায়ীরা একেবারে মুখ থুবরে পরে ছিলো। নতুন করে পুনরায় মুজিবনগর চালু করে দেওয়ায় আস্তে আস্তে পর্যটক আসতে শুরু করেছে। এখন মুজিবনগর কমপ্লেক্সের দৃশ্য অনেক ভালো লাগছে। তাছাড়া মুজিবনগর চালু করার সাথে সাথে অনন্যা পার্ক খুলে দেওয়া হয়েছে।

মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার জানান, মুজিবনগর স্বাধীনতার তীর্থভূমি। এখানে পর্যটক আসলে স্বাধীনতার ইতিহাস সম্পর্কে জানতে পারে। সব সময় এখানে পর্যটক ভরপুর থাকতো। তবে দীর্ঘদিন করোনার কারনে মুজিবনগর কমপ্লেক্সে প্রবেশ বন্ধ করায় পর্যটক আসা বন্ধ হয়ে গিছিলো।

নতুন করে পুনরায় প্রবেশ চালু করে দেওয়ায় আস্তে আস্তে আবারো পর্যটক আসা শুরু করে দিয়েছে। তবে সকলকে মাস্ক পরিধান করে, স্বাস্থবিধি মেনে মুজিবনগরে প্রবেশের জন্য একটি বিজ্ঞপ্তি দেওয়া হয়েছে। দীর্ঘদিন ঘরে বন্দি থাকার পর বেড়াতে আসতে পেরে দর্শনার্থীরা একটু স্বস্তি ফিরে পেয়েছে।

তাছাড়া ধীরে ধীরে মুজিবনগর কমপ্লেক্স এ দর্শনার্থীদের ভীড় জমতে শুরু হয়েছে। এখন মুজিবনগর কমপ্লেক্সের ভিতর দর্শনার্থীদের আগমনে পরিবেশটা বেশ মুখর হয়ে উঠেছে।

উল্যেক্ষ্য, ভয়াবহ করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে গত ২৬ মার্চ মুজিবনগর কমপ্লেক্সে সাধারণ দর্শনার্থীদের প্রবেশ পুরোপুরি ভাবে নিশেধাজ্ঞা ঘোষনা করা হয়েছিলো।
তারপর থেকে মুজিবনগরের ভিতরে কোন পর্যটক প্রবেশ করতে পারেনি। তবে ৫ মাস পর আবারো সেটা উন্মুক্ত করে দেয়া হয়েছে।

মেহেরপুরে নতুন ৫ জন করোনায় আক্রান্ত :: মোট ৫৮৬

মেহেরপুরে নতুন করে আরো ৫ জন করোনায় আক্রান্ত হয়েছেন। ৫ জনই গাংনী উপজেলার। এ নিয়ে জেলায় মোট আক্রান্তের সংখ্যা দাড়িয়েছে ৫৮৬ জনে।

আজ সন্ধ্যায় মেহেরপুরের সিভিল সার্জন ডা.নাসির উদ্দিন বিষয়টি নিশ্চিত করেছেন।

তিনি জানান, আজ প্রাপ্ত ৩৫ টি রিপোটের মধ্যে ৫ টি পজিটিভ। এ পর্যন্ত মোট প্রাপ্ত রিপোর্টের সংখ্যা- ৩৮০৭ টি।

মেহেরপুর জেলায় বর্তমানে আক্রান্ত রয়েছেন ৪৫ (সদর-১২, গাংনী- ২৬ মুজিবনগর- ০৭) জন।

এ পর্যন্ত জেলায় করোনা আক্রান্ত হয়ে মৃত্যু হয়েছে ১৫ জনের। তার মধ্যে সদরে- ৭, গাংনী- ৬, মুজিবনগর- ২)।

সুস্থ হয়েছেন ৪৮১ (সদর-২৬১, গাংনী -১৭৩, মুজিবনগর- ৪৭) জন । অন্যত্র ট্রান্সফার্ড করা হয়েছে ৪২ জনকে।